

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৬৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৬০]

১৮/ বিবিধ চিত্তকর্ষী হাদিসসমূহ (كتاب المنثورات والملح)

পরিচ্ছেদঃ ৩৭০ : দাজ্জাল ও কিয়ামতের নিদর্শনাবলী সম্পর্কে

(370) بَابُ أَحَادِيْثِ الدَّجَّالِ وَأَشْرَاطِ السَّاعَةِ وَغَنْرِهَا

আরবী

وَعَنْ عُقْبَةَ بنِ عَامِرٍ رَضِيَ اللهُ عنه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم خَرَجَ إِلَى قَتْلَى أَحُد، فَصلَلَى عَلَيْهِمْ بَعْدَ ثَمَانِ سِنِينَ كَالمُودِّعِ لِلأَحْيَاءِ وَالأَمْوَاتِ، ثُمَّ طَلَعَ إِلَى المِنْبَرِ، أَحُد، فَصلَلَى عَلَيْهِمْ بَعْدَ ثَمَانِ سِنِينَ كَالمُودِّعِ لِلأَحْيَاءِ وَالأَمْوَاتِ، ثُمَّ طَلَعَ إِلَى المِنْبَرِ، فَقَالَ: «إِنِّي بَيْنَ أَيْدِيكُمْ فَرَطُّ وَأَنَا شَهِيدٌ عَلَيْكُمْ وَإِنَّ مَوْعِدَكُمُ الحَوْضُ، وَإِنِّي لأَنْظُرُ إِلَيْهِ مِنْ مَقَامِي هَذَا، أَلاَ وَإِنِّي لَسْتُ أَخْشَى عَلَيْكُمْ أَنْ تُشْرِكُوا، وَلَكِنْ أَخْشَى عَلَيْكُمُ الدُّنْيَا أَنْ تَشْرِكُوا، وَلَكِنْ أَخْشَى عَلَيْكُمُ الدُّنْيَا أَنْ تَنْ فَشُوهَا» قَالَ: فَكَانَتْ آخِرَ نَظُرَةٍ نَظَرْتُهَا إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم. متفق عَلَيْه

وفي رواية: «وَلَكِنِّي أَخْشَى عَلَيْكُمُ الدُّنْيَا أَنْ تَنَافَسُوا فِيهَا، وَتَقْتَتِلُوا فَتَهْلِكُوا كَمَا هَلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ». قَالَ عُقْبَةُ: فَكَانَ آخِرَ مَا رَأَيْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم عَلَى المِنْبُر

وفي روايةٍ قَالَ: «إِنِّي فَرَطُّ لَكُمْ وَأَنَا شَهِيدٌ عَلَيْكُمْ وَإِنِّي وَاللهِ لأَنْظُرُ إِلَى حَوْضِي الآنَ، وَإِنِّي أَعْطِيتُ مَفَاتِيحَ الأَرْضِ، أَوْ مَفَاتِيحَ الأَرْضِ، وَإِنِّي وَاللهِ مَا أَخَافُ عَلَيْكُمْ أَنْ تُشُرِكُوا بَعْدِي، وَلَكِنْ أَخَافُ عَلَيْكُمْ أَنْ تَنَافَسُوا فِيهَا

বাংলা

৫৩/১৮৬৯। উক্নবাহ ইবনে আমের রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম [একবার] উহুদের শহীদদের [কবরস্থানের] দিকে বের হলেন এবং যেন জীবিত ও মৃত ব্যক্তিদেরকে বিদায় জানাবার উদ্দেশ্যে আট বছর পর তাঁদের উপর জানাজা পড়লেন [অর্থাৎ তাঁদের জন্য দো'আ করলেন]। তারপর মিম্বরে চড়ে বললেন, ''আমি পূর্বে গমনকারী তোমাদের জন্য সু-ব্যবস্থাপক এবং সাক্ষীও। তোমাদের প্রতিশ্রুত স্থান হাউজে [কাউসার]। আমি অবশ্যই ওটাকে আমার এই স্থান থেকে দেখতে পাচ্ছি। শোনো! তোমাদের ব্যাপারে আমার এ আশংকা নেই যে, তোমরা শির্ক করবে। তবে তোমাদের জন্য আমার আশংকা এই যে, তোমরা দুনিয়ার



ব্যাপারে আপোষে প্রতিদ্বন্দ্বিতা করবে।" [রাবী বলেন,] 'এটাই আমার শেষ দৃষ্টি ছিল যা আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি নিবদ্ধ করেছিলাম [অর্থাৎ এরপর তিনি দেহত্যাগ করেন]।' (বুখারী-মুসলিম) [1]

অন্য এক বর্ণনায় আছে যে, ''কিন্তু তোমাদের জন্য আমার আশংকা এই যে, তোমরা পার্থিব ধন-সম্পদে আপোষে প্রতিদ্বন্দ্বিতা করবে এবং সে জন্য পরস্পর সংঘর্ষে লিপ্ত হবে এবং [পরিণামে] তোমরা ধ্বংস হয়ে যাবে; যেমন তোমাদের পূর্ববর্তীরা ধ্বংস হয়েছে।'' উকবা রাদিয়াল্লাহু আনহু বলেন, 'মিম্বরের উপরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এটাই ছিল আমার শেষ দর্শন।'

অপর এক বর্ণনায় আছে, ''আমি তোমাদের অগ্রদৃত এবং তোমাদের জন্য সাক্ষী। আল্লাহর শপথ! আমি এই মুহূর্তে আমার হাউজ [হাওজে কাওসার] দেখছি। আমাকে পৃথিবীর ভাগুরসমূহের চাবি গুচ্ছ প্রদান করা হয়েছে। আর আমি তোমাদের ব্যাপারে এ জন্য শঙ্কিত নই যে, তোমরা আমার [তিরোধানের] পর শির্ক করবে; বরং এ আশংকা বোধ করছি যে, তোমরা পার্থিব ধন-সম্পদের ব্যাপারে আপোষে প্রতিদ্বন্দিতা করবে।''

হাদীসে উল্লিখিত 'শহীদদের উপর জানাজা পড়লেন' অর্থাৎ তাঁদের জন্য দো'আ করলেন। [তকবীর সহ] পরিচিত জানাজার নামায নয়।

English

(370) Chapter: Ahadith about Dajjal and Portents of the Hour

'Ugbah bin 'Amir (May Allah be pleased with him) said:

One day the Messenger of Allah () went out and asked Allah's forgiveness for the martyrs of the battle of Uhud after eight years. It seemed that by so doing, he bid farewell to the living and the dead. He then came back, rose to the pulpit and said, "I shall be your precursor; I am a witness for you (before Allah), and I will be present before you at the River (Haud Al-Kauthar). By Allah I can see with my own eyes the Haud from this place. I am not afraid that you will associate anything with Allah in worship after (my demise), but I apprehend that you will vie with one another for the life of the world." The narrator said: It was the last time that I saw the Messenger of Allah ().

[Al-Bukhari and Muslim].

There are some more narrations with very minor changes in its wording.

Commentary: This Hadith highlights the following points:

1. Haud Al-Kauthar exists: Anas (May Allah be pleased with him) reported: When the Prophet (PBUH) was made to ascend to the heavens, he said (after his return), "I came upon a river (in Jannah) the banks of which were made of tents of hollow pearls. I asked Jibril (PBUH), `What is this (river)?' He



replied, `This is the Kauthar.'' (Al-Bukhari, vol. 6, Hadith No. 488).

- 2. Warning against vying with one another for the world.
- 3. Permissibility of visiting the graves of the Muslims and praying for them.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৩৪৪, ৩৫৯৬, ৪০৪২, ৫০৮৫, ৬৪২৬, ৬৫৯০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন